



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-১০৮৩

তারিখ: ২৫ জ্যেষ্ঠ ১৪৩৩
০৮ জুন ২০২৬

২০২৬ সালের আলিম পরীক্ষা নকলমুক্ত পরিবেশে গ্রহণের লক্ষ্যে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে সিসিটিভি (CCTV) ক্যামেরা স্থাপন নিশ্চিতকরণের

বিজ্ঞপ্তি

এই মর্মে সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাদের অনুরোধ করা যাচ্ছে যে, ২০২৬ সালের আলিম পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে গ্রহণের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের সকল পরীক্ষা কক্ষ, ভারপ্রাপ্ত কর্মকর্তার কক্ষ, অফিস কক্ষ এবং যে কক্ষে প্রশ্নপত্র খোলা হবে সেই কক্ষ সিসিটিভি (CCTV) ক্যামেরার আওতায় আনতে হবে। যাদের কেন্দ্রের পরীক্ষার কক্ষসহ অন্যান্য কক্ষে সিসিটিভি ক্যামেরা এখনও স্থাপন করা হয়নি, তাঁরা অবশ্যই ২০/০৬/২০২৬ তারিখের মধ্যে সিসিটিভি ক্যামেরা স্থাপন করবেন। সিসিটিভি ক্যামেরার তথ্য নিম্ন উল্লিখিত পদ্ধতিতে এন্ট্রি/প্রেরণ করতে হবে।

ভারপ্রাপ্ত কর্মকর্তা সকল পরীক্ষার ফুটেজ সংরক্ষণ করবেন এবং প্রয়োজনে কর্তৃপক্ষকে ফুটেজ প্রদানে বাধ্য থাকবেন।

এ সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ:

বিষয়/ধরণ	নিয়মাবলী
কেন্দ্রের সিসিটিভি ক্যামেরা সংক্রান্ত তথ্য	সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.ebmeb.gov.bd যেতে হবে এবং Alim »» eCIS »»2026 সিলেক্ট করে Continue বাটনে ক্লিক করে Centre Code এন্ট্রি করে লগইন করে 'বিভিন্ন এন্ট্রি' বাটনে ক্লিক করে 'কেন্দ্রের তথ্য' সিলেক্ট করতে হবে এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। এর পর সিসিটিভি ক্যামেরা সম্পর্কিত তথ্য (ID/User Name, Password, Login URL, Brand Name) ইত্যাদি এন্ট্রি করে সেভ করতে হবে।
ট্রেজারি থেকে যে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী প্রশ্নপত্র গ্রহণ করবে তাদের তথ্য	ট্রেজারি থেকে যে সকল শিক্ষক, কর্মকর্তা (ট্যাগ অফিসার), কর্মচারী প্রশ্নপত্র গ্রহণ করবে তাদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর dcexam@bmeb.gov.bd ই-মেইলে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরিত পত্রে প্রেরণ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ ফারুক আহমেদ
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

E-mail: controller@bmeb.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)
আলিম পরীক্ষা-২০২৬।

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-১০৮৩

তারিখ: ২৫ জ্যেষ্ঠ ১৪৩৩
০৮ জুন ২০২৬

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
২. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)
৪. মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (শিক্ষামন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. জেলা প্রশাসক (সকল);
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সকল জেলা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৮. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৯. পরামর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১০. জেলা শিক্ষা অফিসার, (সকল);
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১২. প্রোগ্রামার, আইসিটি সেল (মাদ্রাসা বোর্ডের ওয়েব সাইটে পত্রটি আপলোড করার অনুরোধসহ);
১৩. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১৪. অফিস কপি।

মোঃ জহাঙ্গীর আলম

সহকারী পরিদর্শক (সংযুক্ত পরীক্ষা শাখা)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৬৫২৪৮

